

সীমানার বাইরে চলে গেলেন সীমানা

রোজ অ্যাডেনিয়াম

মায়ের জীবনের শ্রেষ্ঠ সম্পদ তার সন্তান। সন্তানদের বুকে আগলে নিয়েই পৃথিবীর স্বর্গ তৈরি করেন মা। এমন অনুভূতি থেকেই অভিনেত্রী রিশতা লাবণী সীমানা তার দুই সন্তানের নাম রেখেছিলেন শ্রেষ্ঠ ও স্বর্গ। কিন্তু সন্তানদের ভালোবাসার চাদরে আবৃত হয়ে থাকা হলো না তার। দুই শিশু সন্তানকে রেখেই সম্প্রতি না ফেরার দেশে পাড়ি জমিয়েছেন তিনি।

কে এই সীমানা

সীমানা ছিলেন দেশের একজন জনপ্রিয় মডেল ও অভিনেত্রী। তার অভিনীত দর্শকনন্দিত টেলিভিশন নাটকের সংখ্যা কম নয়। অনেকেরই মনে পড়বে জনপ্রিয় ধারাবাহিক ‘সাকিন সারিসুরি’তে তিনি কাকলি চরিত্রে অভিনয় করেছিলেন। ‘গুলশান এভিনিউ’ নাটকে সামিয়ার চরিত্রে অভিনয় করেও ব্যাপক পরিচিতি লাভ করেছিলেন। এরপর অনেক নাটকে অভিনয় করেছেন।

সিনেমা দিয়ে পথচলা শুরু

অনেক বড় একটি আয়োজনের মধ্য দিয়ে মিডিয়ায় পা রেখেছিলেন সীমানা। ২০০৬ সালে লাক্স-চ্যানেল আই সুপারস্টার প্রতিযোগিতার মাধ্যমে বিনোদন অঙ্গনে কাজ শুরু হয় তার। এরপর তৌকীর আহমেদের পরিচালনায় ‘দারুচিনি দ্বীপ’ সিনেমায় অভিনয়ের সুযোগ পান। ২০০৭ সালে মুক্তি পাওয়া এই সিনেমায় অভিনয় করে ব্যাপক প্রশংসিত হন। এরপর আর পেছনে ফিরে তাকাতে হয়নি তাকে। একের পর এক নাটক ও বিজ্ঞাপনে দেখা মিলেছে তার। সর্বশেষ তিনি বিপ্লব হায়দার পরিচালিত ‘রোশনী’ সিনেমায় অভিনয় করেছেন।



জুলাই ২৯, ১৯৮৫ - জুন ৪, ২০২৪

আলোচিত যতো কাজ

নৃত্য দিয়ে শৈশবে সীমানার পথ চলা শুরু। গুরুজি কমল পালের কাছে দীর্ঘদিন ভরতনাট্যম শিখেছেন সীমানা। ছোটবেলায় সংশ্লিষ্ট ছিলেন খেলাঘর ও বাফা’র সঙ্গে। সরকারের বৃত্তি নিয়ে ভারত থেকে নাচের কোর্স করে এসেছিলেন। স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে বিবিএ শেষ করেছিলেন সীমানা। ফেরদৌস হাসান রানার ‘নিলয়’ নাটকের অভিনয়ের মধ্য দিয়ে নাটকে যাত্রা শুরু করেন তিনি। কিন্তু সীমানাকে পরিচিতি এনে দেয় সালাউদ্দিন লাভপুর ‘সাকিন সারিসুরি’ নাটকটি। অভিনয় করেছিলেন তাহের শিপনের ‘সাদা মেঘ কালো মেঘ’ নাটকে। এছাড়া চান্দা মাহজাবিনের ‘ঘরজামাই’, মাসুম আজিজের ‘পিচ্ছিহাজুতি’, শিমুল সরকারের ‘মামার হাতের

মোয়া’, ‘একি কাণ্ড’। বিজ্ঞাপনে মডেল হয়েও তাক লাগিয়ে ছিলেন সীমানা। তার উল্লেখযোগ্য বিজ্ঞাপনগুলোর মধ্যে আছে প্রাণ লেমন, প্রাণ ডাল, অটবি, গ্রামীণফোন, ফেয়ার অ্যান্ড লাভলি। সীমানার অন্যান্য উল্লেখযোগ্য নাটকগুলোর মধ্যে আছে অগ্নিপথ, মেঘের খেয়া, পিপিলিকার পাখা গজায় মরিবার তরে, কবিরাজ গোলাপ শাহ, অন্যরকম ঢাকা, বংশাল টু বারিধারা প্রভৃতি।

অভিনয় থেকে বিরতি

সীমানা ২০১৪ সালে সংগীতশিল্পী পারভেজ সাজ্জাদের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন। মাতৃত্বের কারণে ২০১৬ সালে ইন্ডাস্ট্রি থেকে কিছু সময়ের জন্য বিরতি নিয়েছিলেন। তাদের দুই সন্তান আকাইদ সাজ্জাদ শ্রেষ্ঠ ও স্বর্গ। তবে এই দম্পতির বিবাহ বিচ্ছেদ হয়। সীমানা ২০১৯

